ভোরের কাগজ

70

তারিখ ... JUL. 1 6 1999
পৃষ্ঠা 2 কলাম ৫



# মেধাবী দেবব্রতের জন্য অনেক সাহায্যের হাত

**কাগজ প্রতিবেদক :** এ বছর এসএসসি পরীক্ষায় যশোর বোর্ডে বাণিজ্যে প্রথম দেবব্রত বিশ্বাসের লেখাপড়ার আর্থিক ব্যয়ভার বহন করার জন্য অনেকে প্রতিশ্রুতি দিয়েছেন। যশোরের মনিরামপুর থানার পাঁচকাটিয়া গ্রামের দরিদ্র দিনমজুর বিবেকানন্দ বিশ্বাসের মেধাবী পুত্র দেবব্রত বিশ্বাসকে নিয়ে ভোরের কাগজ-এ একটি প্রতিবেদন গত ৮ জুলাই ছাপা হয়। প্রতিবেদনটি প্রকাশ হওয়ার পর অনেকেই দেবব্রতকে আর্থিকভাবে সাহায্য করার জন্য ভোরের কাগজ-এর অফিসে যোগাযোগ করেন।

সিলেট পৌরসভার নির্বাহী প্রকৌশলী পদ্মা সেন সিনহা দেবব্রতের উচ্চ শিক্ষার ব্যয়ভার বহন করতে চেয়েছেন। সেতু পেস্টিসাইড লিঃ-এর এমডি এম এস হুদা আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন। সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হীরালাল বালা ঢাকার লাল মাটিয়ার ওরিয়েন্টাল কলেজে দেবব্রতের লেখাপড়ার যাবতীয় ব্যয় ভার বহনকরতে চেয়েছেন। স্বেচ্ছাসেবী সংগঠন সন্দীপন এর প্রফেসর শরীফ হোসেন যশোরের একটি কলেজে তার পড়ার ব্যবস্থা করে দেওয়ার কথা বলেছেন। এ ছাড়া ঢাকার তেজকুনী পাড়ার মেজর হাসান, বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা জনাব মোফাজ্জলও তাকে সাহায্য করতে চেয়েছেন। এছাড়াও ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ প্রফেসর কাজী মোঃ নূরুল ইসলাম ফারুকী দেবব্রতকে তার কলেজে পড়াশোনা ও থাকা-খাওয়ার যাবতীয় দায়িত্ব নিতে আগ্রহ প্রকাশ করেছেন। ঢাকার স্ট্যামফোর্ড কলেজ কর্তৃপক্ষও তার জন্য এককালীন ৫০ হাজার টাকা বরাদ্দ ও তার লেখাপড়ার দায়িত্ব নিতে চেয়েছে। অন্যদিকে কলেজ অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ (কোডা) কর্তৃপক্ষও তার এইচএসসির পড়াশোনা ও থাকা খাওয়ার দায়িত্ব নিতে চেয়েছেন।

এখন দেবব্রতকে সাহায্য করতে যারা উদ্যোগী হয়েছেন তাদেরকে সরাসরি তার বর্তমান ঠিকানা দেবব্রত বিশ্বাস, পিতা-বিবেকানন্দ বিশ্বাস, গ্রাম+ডাক পাঁচকাটিয়া, মনিরামপুর, যশোর এই ঠিকানায় যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে। এছাড়াও অন্য কেউ যদি সাহায্য করতে চান তা দেবব্রতের নামে আইএফআইসি ব্যাংক, যশোর শাখায় সঞ্চয়ী হিসাব নং ৬১৩৪০৩০৩৬৫ করতে পারেন।